

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা'র ২০২২ সালের তথ্য অধিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন:

- ১। তথ্য প্রদানকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ জনাব আবু শামস মোহাম্মদ সফকত রানা, সহকারী উপ-পরিচালক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ২। আপীল কর্মকর্তাঃ জনাব জি. এম. ফারুক হোসেন পাটওয়ারী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তাঃ সহকারী উপ-পরিচালক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ৪। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাঃ সহকারী রসায়নবিদ।
- ৫। ২০২২-২৩ অর্থ বছরে তথ্য প্রাপ্তি এবং আপীল আবেদন পাওয়া যায়নি।
- ৬। সেবা গ্রহিতাদের সুবিধার্থে ২০২২-২৩ অর্থ বছরে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের প্রবেশপথে হেল্পডেস্ক স্থাপন করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি, সেবা প্রদান পদ্ধতি, সেবার মান নিয়ে কোন নাগরিক অসন্তুষ্টি প্রকাশ বা সংক্ষুব্ধ হয়ে অভিযোগ দায়ের করেননি।
- ৭। দর্শনাধীর্দের অফিস ও শাখার অবস্থান সহজেই জানার জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের সম্মুখে ফ্লুর নির্দেশিকা স্থাপন করা হয়েছে এবং বসার জন্য অফিস ভবনের ২য় তলায় একটি রুম স্থাপন করা হয়েছে।
- ৮। ২০২২-২৩ অর্থ বছরে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী: (১) জনাব ফারজানা পপি, সহকারী ব্যবস্থাপক, সংযুক্তি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা; (২) জনাব মোঃ শামীম চৌধুরী, উচ্চমান সহকারী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা; (৩) জনাব সোহাগ রানা, নিরাপত্তা প্রহরী, সংযুক্তি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ৯। ২০২২-২৩ অর্থ বছরে উল্লেখযোগ্য কার্যক্রম:
 - (i) ই-জিপি সিস্টেমে দরপত্র আহবানের মাধ্যমে উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়ন করা হয়েছে।
 - (ii) ৮৫% দাপ্তরিক কাজ ডি-নথি সিস্টেমে বাস্তবায়িত হয়েছে।
 - (iii) শুদ্ধাচার কৌশল, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার বিষয়ক মূল্যায়নে পূর্ণ নম্বর প্রাপ্ত সহ খাদ্য অধিদপ্তরের আওতাধীন আঞ্চলিক পর্যায়ের ১৫টি স্থাপনার মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সার্বিক মূল্যায়নে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা ২য় স্থান অর্জন করেছেন।
 - (iv) মুভমেন্ট, পিআইএমএস, অডিট ম্যানেজমেন্ট, পরিদর্শন, এপিএমএস, ওএমএস, খাদ্যবান্ধব ডাটাবেজ ও কৃষকের এ্যাপ সফটওয়্যারের মাধ্যমে কার্যক্রম অব্যাহত আছে।
 - (v) ৭,৯৯,১৫৭ জন খাদ্যবান্ধব ভোক্তাদের মাঝে ১৫/- টাকা কেজি দরে চাল বিতরণ করা হয়েছে এবং ৩৪ টি উপজেলায় পুষ্টিচাল বিতরণ করা হয়েছে।
 - (vi) ঢাকা বিভাগে ৩১৭ টি ওএমএস কেন্দ্র বৃদ্ধি পেয়েছে।
 - (vii) কৃষকদের নিকট হতে ২১১৪৩.০০০ মে. টন খান এবং মিলারদের নিকট হতে ১৩৪৪১৪.০০০ মে. টন চাল সংগ্রহ করা হয়েছে।
 - (viii) ০২ জন কর্মচারী পেনশন মঞ্জুর করা হয়েছে।

জি. এম. ফারুক হোসেন পাটওয়ারী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা

২০২২-২৩